



BANGLADESH JEWELLER'S ASSOCIATION
বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন

প্রেস বিজ্ঞপ্তি

০২ মে-২০২৪

সোনা রপ্তানিতে বাংলাদেশে সম্ভাবনা উজ্জ্বল

বাংলাদেশ থেকে বিশ্ববাজারে সোনার অলংকার রপ্তানির উজ্জ্বল সম্ভাবনা তৈরি হয়েছে। দেশে স্বর্ণ কারখানার নির্মাণ কাজ চলছে। এতে এই খাতে বাংলাদেশের সক্ষমতা বহুগুণ বাড়বে।

বৃহস্পতিবার বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) এর রাজশাহী জেলা শাখার মতবিনিময় সভায় এসব মন্তব্য করেন বক্তারা।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে বাজুসের সহ-সভাপতি জয়নাল আবেদীন খোকন বলেন, বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীরের নেতৃত্বে সারাদেশের স্বর্ণ ব্যবসায়ীরা ঐক্যবদ্ধ ভাবে জুয়েলারি শিল্পের উন্নয়নে কাজ করছে। এর ফলে দেশের অন্যতম টেকসই রপ্তানি খাত হিসেবে জুয়েলারি শিল্পের সক্ষমতা তৈরি হচ্ছে।

জুয়েলারি শিল্পকে বিকশিত করতে বাজুসের কার্যক্রমের উত্তরোত্তর সফলতার জন্য রাজশাহী জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ এবং স্বর্ণ ব্যবসায়ীরা বাজুসের প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীরের প্রশংসা এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাজুস কেন্দ্রীয় কমিটির সহ-সম্পাদক উত্তম ঘোষ। এতে সভাপতিত্ব করেন রাজশাহী জেলা শাখার সদস্য সচিব মোখলেছুর রহমান। আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী সদস্য আলী হোসেন।

দেশের ঐতিহ্যবাহী সর্ববৃহৎ বাণিজ্য সংগঠন বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের সাংগঠনিক কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে দেশব্যাপী সাংগঠনিক সফর করছে কেন্দ্রীয় নেতৃবৃন্দ। এই সফরের অংশ হিসেবে বৃহস্পতিবার রাজশাহী জেলা শাখার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

ধন্যবাদসহ

রাশেদ রহমান অমিত

মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট

মোবাইলঃ ০১৭৭৪৪৩১৩৮৭

BANGLADESH JEWELLER'S ASSOCIATION

Headquarter: Level-19, Bashundhara City Shopping Complex, Panthapath, Dhaka-1215, Bangladesh.

Hotline: +880-9612120202, Tel: 02-58151012, E-mail: info@bajus.org, www.bajus.org